# Times Today BD

খুলনা | 19 April, 2025

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ এলাকায় বন বিভাগ ও বিবিসিএফ এর যৌথ অভিযান পরিচালনা করে খাঁচাবন্দি ১৪টি দেশি পাখি উদ্ধার করেছে বন বিভাগ এবং বিবিসিএফ কুষ্টিয়া টিমের সদস্যরা ।পাখিগুলোর মধ্যে রয়েছে- ১টি ঝুঁটি শালিক, ২টি দেশি টিয়া, ৬টি চন্দনা টিয়ার বাচ্চা , ৫টি দেশি ময়না।

এসময় পাখি শিকারের ফাঁদ ও খাঁচা জব্দ করা হয়।তবে এর সাথে জড়িত কাউকে আটক বা জরিমানা করা হয়নি।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে সদর উপজেলার পোড়াদহ বাজার সংলগ্ন বটতলা এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়।

জানা যায়, পোড়াদহ অঞ্চলের বিশিষ্ট

পাখি ব্যবসায়ী "কাউছার ভাই" নামের এক পাখি ব্যবসায়ী দীর্ঘদিন ধরে দেশি পাখি বিক্রি করে আসছিল।এমন সংবাদের ভিত্তিতে শুক্রবার কাউছার এর সাথে ক্রেতা সেজে কথা বলা হয় এবং ৬ টি টিয়া এবং ময়না পাখির অর্ডার দেওয়া হয়।এরপর শনিবার দুপুরে কাউছার পোড়াদহ বটতলা এলাকায় আসতে বলে পাখি ডেলিভারি নিতে।সেখানে গেলে কাউছার না এসে নাসিম নামে তার একজন সহযোগীকে পাঠায়।নাসিম ১টি টিয়া ও ২টি ময়নার বাচ্চা বিক্রি করতে নিয়ে আসলে তাকে হাতেনাতে ধরে ফেলে বন বিভাগের কর্মকর্তারা।এরপর পাখি ব্যবসায়ী কাউসারের বাড়ি এবং তার আশপাশের কয়েকটি বাড়িতে অভিযান চালিয়ে টিয়া, ময়না শালিকসহ মোট ১৪টি পাখি উদ্ধার করে বন বিভাগ ও বিবিসিএফ এর সদস্যরা।

অভিযানে কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা রেজাউল আলমের নির্দেশনায় ভেড়ামারা রেঞ্জ কর্মকর্তা মোহাম্মদ জাহিদুল ইসলাম, বিবিসিএফ এর সহ সভাপতি শাহাবউদ্দিন মিলন, মিরপুর উপজেলা বন কর্মকর্তা মোঃ জুয়েল আহমেদ, সাংবাদিক নাব্বির আল নাফিজ, মীর কুশল, ডিপ ইকোলজি এন্ড স্নেক কনজারভেশন ফাউন্ডেশন- ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার ছাফওয়ানুর রহমান, সাধারণ সম্পাদক শাহরিয়ার সাগর, সহসভাপতি মেঘদাদুল হক, সাংগঠনিক সম্পাদক আতিকুর রহমান, অর্থ সম্পাদক, মাজহারুল ইসলাম, বন বিভাগের কাজি গোলাম মওলা, শামসুল হক, সুরুজ আলী,হাসান প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:51

URL: https://timestodaybd.com/khulna/1073775807